দৈনিক সংবাদ

তারিখ ... 12 NOV 1989 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

085

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষায় নকল রোধে কঠোর ব্যবস্থা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই নভেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষায় ব্যাপক নকল রোধে কঠোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগামী ১৬ই নভেম্বর থেকে ৫৭টি কেন্দ্রে এই পরীক্ষা শুরু হচ্ছে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

নকল প্রবণতা এবং পরীক্ষা কেন্দ্রে অপ্রীতিকর ঘটনা রোধ করার জন্য কর্তৃপক্ষ কতিপয় ব্যবস্থা নিয়েছে। ইতিমধ্যে ২৫টি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে। গত বছর কেন্দ্র ছিল ৮২টি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, কোন পরীক্ষার্থী নকল করলে তাকে ৩ থেকে ৫ বছরের মেয়াদে বহিষ্কার করা হবে। এমনকি হলে প্রবেশকালে পরীক্ষার্থীর দেহ তল্লাশি করা হবে এবং তাতে নকল বা অবৈধ কোন কাগজপত্র পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে না।

কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক পরীক্ষা কেন্দ্রে বিশ্ববিদ্যালয় পরিদর্শক দল সার্বক্ষণিক দায়িত্বরত থাকবেন। প্রতি তিনদিন পর এই পরিদর্শক দল পরিবর্তন করা হবে। এছাড়াও পরীক্ষা কেন্দ্রগুলোতে বিশেষ পরিদর্শক দল পরিদর্শন করবেন। পরীক্ষা চলাকালে কেন্দ্রের ২শ' গজের মধ্যে কাউকে প্রবেশ করতে দেয়া হবে না এবং কঠোর প্রহরার ব্যবস্থা রাখা হবে। তবে কোন কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি বা অপ্রীতিকর ঘটনা ঘটলে ঐ কেন্দ্রের পরবর্তী পরীক্ষা সমূহ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।